গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nbr.gov.bd

[কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩ শাখা]

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০১৩.১২.০০০৪.২৫.৭৯

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ০৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-০৮.০১.০০০০.০০০.০১৩.১২.০০০৪.২৫.৭৮, তারিখ: ০৫ মার্চ, ২০২৫ খ্রিঃ অনুযায়ী ১৬৯ (একশত উনসত্তর) জন কর্মচারীকে 'সহকারী রাজস্ব কর্মকর্তা' পদে পদোন্নতি প্রদানপূর্বক আগামী ১৬ মার্চ, ২০২৫ খ্রিঃ পূর্বাহ্নে যোগদানের লক্ষ্যে বিভিন্ন দপ্তরে পদায়ন করা হয়েছে। উল্লিখিত কর্মকর্তাগণ যোগদানের পর সংশ্লিষ্ট দপ্তরকে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করে ১৫ (পনের) দিন ব্যাপী একটি প্রশিক্ষণসূচি প্রণয়নপূর্বক প্রশিক্ষণ প্রদান করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্র. নং	শিরোনাম	অন্তর্ভুক্ত বিষয়সমূহ
১	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর কতিপয় গুরুত্বপূর্ণ বিধান ও সিডিউলসমূহ, মূসক নিবন্ধন, মূসক ও সম্পূরক শুল্ক আরোপ, সমন্বয়, উপকরণ কর রেয়াত ও উপকরণ উৎপাদ সহগ, উৎসে মূসক কর্তন সংক্রান্ত বিধি বিধান, ঋণাত্মক নীট অর্থ জের টানা ও ফেরত প্রদান, কর নির্ধারণ প্রক্রিয়া, নিরীক্ষা কার্যক্রম গ্রহণ ও নিরীক্ষা পদ্ধতি, ন্যায়নির্ণয়ণ, অপরাধ ও দন্ড, আপীল ও রিভিশন, মূসক দাখিল পত্রের পরীক্ষা।
২	কাস্টমস আইন, ২০২৩ ও সহযোগী আইন	কাস্টমস আইনের গুরুত্বপূর্ণ বিষয়সমূহ, কাস্টমস শ্রেণীবিন্যাস, কাস্টমস ভ্যালুয়েশন, পণ্যের কায়িক পরীক্ষণ, সহযোগী (অ্যালাইড) আইন সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা, আমদানি নীতি আদেশ, রপ্তানি নীতি, বিমানবন্দর ও স্থলবন্দরে যাত্রীসেবা সহজীকরণ এবং ব্যাগেজ রুল।
৩	শৃঙ্খলা ও অফিস ব্যবস্থাপনা	সরকারি চাকরি আইন, ২০১৮, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, সচিবালয় নির্দেশমালা, ২০২৪, স্টেকহোল্ডারগণের সাথে আচরণ ও সার্বিক পেশাদারিত্ব।
৪	কম্পিউটার দক্ষতা (ব্যবহারিক)	এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, ইমেইল পরিচালনা, ইন্টারনেট ব্যবহার, টাইপিং [বাংলা (ইউনিকোড, নিকস) ও ইংরেজি]।

০২। উক্ত প্রশিক্ষণ শেষে নিম্নোক্ত ০৪ (চার)টি খন্ডে ১০০ (একশত) নম্বরের পরীক্ষা আয়োজনপূর্বক এর ফলাফল জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করে উত্তীর্ণ কর্মকর্তাগণকে উক্ত দপ্তরের অধীন বিভিন্ন ফাংশনাল দায়িত্বে নিয়োজিত করতে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

খন্ড	শিরোনাম	পরীক্ষার মানবন্টন
১	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২	২০
২	কাস্টমস আইন, ২০২৩ ও সহযোগী আইন	২০
৩	শৃঙ্খলা ও অফিস ব্যবস্থাপনা	২০
৪	কম্পিউটার দক্ষতা (ব্যবহারিক)	৪০
	মোট	১০০

০৩। উক্ত পরীক্ষায় পাসের নম্বর হবে প্রতি খন্ডে পৃথকভাবে ৫০%। প্রথম তিনটি খন্ড মিলে পরীক্ষায় দুই ঘন্টা এবং কম্পিউটার দক্ষতা (ব্যবহারিক) এর ক্ষেত্রে এক ঘন্টা সময় বরাদ্দ থাকবে।

০৪। এতদপরবর্তী সরাসরি ও পদোন্নতির মাধ্যমে নিয়োগকৃত সহকারী রাজস্ব কর্মকর্তাগণের প্রথম পদায়নের পর সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রশিক্ষণের ক্ষেত্রে এই আদেশে বর্ণিত বিধান প্রযোজ্য হবে।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাঃ/-

(মোঃ রায়হান মেহেবুব)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩)
ই-মেইল: nbr.cev3@gmail.com

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০১৩.১২.০০০৪.২৫.৭৯

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি/কাস্টমস ও ভ্যাট প্রশাসন/কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য/কাস্টমস রপ্তানি, বন্ড ও আইটি/মূসক নীতি/মূসক নিরীক্ষা/মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
০৪। স্থায়ী প্রতিনিধি, ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন, ব্রাসেলস, বেলজিয়াম।
০৫। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও।
০৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ভ্যাট ও কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/যশোর/রংপুর/কুমিল্লা।
০৭। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ), ঢাকা/চট্টগ্রাম।
০৮। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
০৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
১০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। প্রথম সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

Raihan 05/03/2025

(মোঃ রায়হান মেহেবুব)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩)
ই-মেইল: nbr.cev3@gmail.com